



স্মারক নং-বেরোবি:/রেজি:/বিজ্ঞপ্তি/২০২১/৬০৯

তারিখ: ০৪/০৪/২০২১খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের(COVID-19)সংক্রমণরোধ ও স্বাস্থ্য সুরক্ষার নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের নির্দেশনা(স্মারক নং: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০১৭.১৭.১৩০, তারিখ: ২৮/০৩/২০২১) অনুযায়ী ইতোপূর্বে ঘোষিত ছুটির ধারাবাহিকতায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর একাডেমিক কার্যক্রম(ক্লাস ও পরীক্ষা) ২২/০৫/২০২১ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। সেই সঙ্গে আবাসিক হলসমূহও বন্ধ থাকবে। তবে, শিক্ষকগণ অনলাইন ক্লাস বা ডিসটেন্স লার্নিং চালু রাখতে পারবেন।

একইসঙ্গে সরকার ঘোষিত লকডাউনের নির্দেশনা মোতাবেক আগামী ৫ এপ্রিল ২০২১, সোমবার হতে ১১ এপ্রিল ২০২১, রবিবার পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/দপ্তর/শাখা বন্ধ থাকবে। তবে, বিশ্ববিদ্যালয়ের জরুরি দাপ্তরিক কাজে স্ব স্ব বিভাগ/শাখা/দপ্তর প্রধানগণ প্রয়োজনে তাঁদের অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের দ্বারা প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করবেন এবং এই সময়ে বিশ্ববিদ্যালয়ের জরুরি সার্ভিসসমূহ পরিচালনার জন্য সকাল ১০:০০টা থেকে দুপুর ১:০০টা পর্যন্ত মেডিকেল সেন্টার, নিরাপত্তা শাখা, প্রকৌশল দপ্তর, আইসিটি সেল ও পরিবহন পুল সীমিত পরিসরে খোলা থাকবে এবং এসব দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ রোস্টার অনুযায়ী স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব মেনে দায়িত্ব পালন করবেন। লকডাউন চলাকালীন নিম্নোক্ত নির্দেশনা পালনীয়:

১. ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী এবং সন্তান সম্বা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন।
২. শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্য সেবা বিভাগ থেকে জারিকৃত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।
৩. ক্যাম্পাসে সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে।
৪. ক্যাম্পাসে বহিরাগত কোন ব্যক্তি ও যানবাহনের প্রবেশ সম্পূর্ণ নিষেধ।
৫. এই সময়কালে ক্যাম্পাসে বসবাসরতদের অতিথি আগমন ও শিক্ষার্থীদের প্রবেশ নিরুৎসাহিত করা হলো।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

০৪/০৪/২০২১

কর্ণেল আবু হেনা মুস্তাফা কামাল (অব.)

রেজিস্ট্রার

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ডেপুটি চ্যান্সেলর মহোদয়, বেরোবি, রংপুর
- ২-৭। ডিন, কলা/সামাজিক বিজ্ঞান/বিজ্ঞান/প্রকৌশল ও প্রযুক্তি/জীব ও ভূ-বিজ্ঞান/বিজনেস স্টাডিজ অনুষদ, বেরোবি, রংপুর
- ৮। পরিচালক, ড. ওয়াজেদ রিসার্চ ইনস্টিটিউট, বেরোবি, রংপুর
- ৯-৩০। বিভাগীয় প্রধান, বাংলা/ইংরেজি/ইতিহাস ও প্রত্নতত্ত্ব/অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজবিজ্ঞান/জেন্ডার এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ/গণযোগাযোগ ও সাংবাদিকতা/গণিত/পদার্থবিজ্ঞান/রসায়ন/পরিসংখ্যান/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ভূগোল ও পরিবেশ বিজ্ঞান/দুর্যোগ ব্যবস্থাপনা/ম্যানেজমেন্ট স্টাডিজ/মার্কেটিং/একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস/ফাইন্যান্স এন্ড ব্যাংকিং/লোকপ্রশাসন বিভাগ/এমআইএস বিভাগ, বেরোবি, রংপুর
- ৩১। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়কে অবগতকরণের নিমিত্তে), বেরোবি, রংপুর
- ৩২। উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপ-উপাচার্য মহোদয়কে অবগতকরণের নিমিত্তে), বেরোবি, রংপুর
- ৩৩-৬২। হল/বিভাগ/দপ্তর/শাখা: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল/শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল/শহীদ মুখতার ইলাহী হল/প্রক্টর অফিস/ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর/গবেষণা ও সম্প্রসারণ বিভাগ/সাইবার সেন্টার/বহিরাঙ্গন কার্যক্রম দপ্তর/ ই-লার্নিং সেন্টার/সেন্ট্রাল লাইব্রেরি এন্ড ইনফরমেশন সেন্টার/পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর/ অর্থ ও হিসাব দপ্তর/পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ/শারীরিক শিক্ষা বিভাগ/জনসংযোগ, তথ্য ও প্রকাশনা বিভাগ/প্রকৌশল দপ্তর/মেডিকেল সেন্টার/ক্যাফেটেরিয়া/ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল/প্রশাসন শাখা/সংস্থাপন শাখা/একাডেমিক শাখা/নিরাপত্তা ও পরিচ্ছন্নতা শাখা/এস্টেট শাখা/পরিবহন পুল/কাউন্সিল শাখা/কেন্দ্রীয় ভান্ডার/ডেসপাস শাখা/কেন্দ্রীয় মসজিদ/লিগ্যাল সেল, বেরোবি, রংপুর
- ৬৩। আইসিটি সেল, বেরোবি, রংপুর (ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে), বেরোবি, রংপুর
- ৬৪। সংরক্ষণ নথি।